তারিখ 0. OCT. 199
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৩ ...

দৈনিক খবর

# দুঃস্থদের সেবায় এগিয়ে আসার জন্য বিত্তবানদের প্রতি আহবান

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম সমাজের দুঃস্থ ও ভাগ্যাহতদের সেবায় এগিয়ে আসার জন্য বিত্তবানদের প্রতি আহবান জানান। তিনি ৮ই অক্টোবর বিকেলে স্থানীয় এক হোটেলে বিশ্ব লায়ন্স সেবা দিবস উপলক্ষে লায়ন্স ক্লাব ইন্টারন্যাশনাল জেলা ৩১৫ এ আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন।

ক্লাবের জেলা গভর্নর অধ্যাপক আহমদ শরীফের সভাপতিত্বে এ অনুষ্ঠানে তথ্য প্রতিমন্ত্রী সৈয়দ দীদার বখ্‌ত বিশেষ অতিথির ভাষণ দেন।

শেখ শহীদুল ইসলাম বলেন, আমরা যদি মানুষের বেঁচে থাকার ন্যূনতম প্রয়োজন মেটাতে ব্যর্থ হই, তবে শুধু আমাদের বিত্ত সমাজের শান্তি ও নিরাপত্তা নিশ্চিত করতে পারবে না। তিনি বলেন, আমাদের সমাজ জীবনের অস্থিরতার অন্যতম মূল কারণ ব্যাপক জনগোষ্ঠীর দারিদ্র্য এবং বিত্তবানদের সম্পদ বিত্তহীনদের দিকে প্রবাহিত করার মাধ্যমেই এ অস্থিরতা অনেকাংশে দূর করা সম্ভব হতে পারে। তিনি ক্ষুধা, দারিদ্র্য ও রোগ-ব্যাধির বিরুদ্ধে আমাদের তৎপরতাকে জোরদার করে শান্তি, প্রগতি ও সামাজিক অগ্রগতি অর্জনের প্রচেষ্টাকে বেগবান করার আহবান জানান।

বিশেষ অতিথির ভাষণে সৈয়দ দীদার বখ্‌ত বলেন, মানবতার সেবা মহৎ কাজ এবং এ জন্য প্রয়োজন সেবা করার মনোভাব। তিনি বলেন, সাংবাদিকতা পেশার মূল লক্ষ্য হচ্ছে মানুষের কল্যাণ সাধন করা। তিনি দেশের দুঃস্থ ও দরিদ্র জনগোষ্ঠীর সেবা করার লক্ষ্যে ব্যাপক কর্মসূচী নিয়ে আসার জন্য লায়নেস ও লিও ক্লাবগুলোর প্রতি আহবান জানান।